1 9610 (8) 1-09008 8

भारतीय गैर न्यायिक INDIA NON JUDICIAL

भारत

रु.5000 Rs.5000

पाँच हजार रुपये FIVE THOUSAND RUPEES

सत्यमेव जयते

INDIA

পশ্চিমবঙ্গ पश्चिम बंगाल WEST BENGAL 129352

Certify that the document is admitted to registration. The signature sheets and the endorsement sheets attached with this documents are the part of this document

For Saltee Buildcon Pvt. Ltd.
Director

Addl. District Sub-Registrar
Bidhan Nagar (Salt Lake City)

4 AUG 2010

-: : মং ১১,৩৬,৩৬৩/- এগার লক্ষ ছত্রিশ হাজার তিন শত তেষট্টি

টাকা পনে সাফ বিক্রয় কোবালা দলিল : :-

কোবালা পত্র গ্রহীতা : : ক্রেতা : :-

সল্টি বিল্ডকন প্রাইভেট লিমিটেড, ১৯৫৬ সালের ভারতীয় কোম্পানী আইন মোতাবেক নথিভুক্ত কোম্পানী, যাহার কার্য্যালয়- ৮৪/১ বি, তপসিয়া রোড (দক্ষিণ), থানা- তপসিয়া, কলকাতা- ৭০০০৪৬, যাহার পক্ষে ডাইরেক্টর- শ্রী অয়োধ আগরওয়াল, পিতা- স্বর্গীয় শ্যামসুন্দর আগরওয়াল, সাং- ৮৪/১ বি, তপসিয়া রোড (দক্ষিণ), থানা- তপসিয়া, কলকাতা- ৭০০০৪৬, জাতি- হিন্দু (ভারতীয় নাগরিক), পেশা- ব্যবসা ।

নং 5658 তাং 28-7-11

ক্রেতার নাম ______ টাঃ 5000/-

সাং ______

Saltee Bildcon Pvt. Ltd
84/1B, Topsia Rd. (South)
P.S- Topsia, KOL 700046

ষ্টাম্প ভেন্ডার স্বাক্ষর ______

বিধান নগর (সল্টলেক সিটি) এ ডি এস আর

মোট স্ট্যাম্প ক্রয় তাং ______ 80000

চালান নং ______ মোট কত টাকা খরিদ ______

ট্রেজারী বারাকপুর ভেন্ডার মিতা দত্ত

20 JUL 2011

864000

Seal of the Additional District Sub Registrar
অতিরিক্ত জেলা অবর নিবন্ধকের মোহর
সত্যমেব জয়তে
বিধাননগর, উত্তর ২৪পরগনা
Bidhannagar, North 24 Pgs.

নুর মহম্মদ সাপুই
পিতা মৃত মাদার আলী সাপুই
সাং- চাঁদপুর চাঁপাডালি
থানা- বারাসাত
জেলা- ২৪ পঃ (উত্তর)
পেশা - চাষ

4 AUG 2011
Addl. District Sub-Registrar
Bidhan Nagar (Salt Lake City)

For Saltee Buildcon Pvt. Ltd.
Director

কোবালা পত্র দাতা : : বিক্রেতা : :-

১) মর্জিনা বিবি, স্বামী- মৃত মাতব্বর গাজী, ২) শাহানুর গাজী, ৩) মহিনুর গাজী, ৪) মিজানুর গাজী, সকলের পিতা- মৃত মাতব্বর গাজী, সকলের সাং- চাঁদপুর চাঁপাগাছি, পোষ্ট- চাঁদপুর, থানা- রাজারহাট, জেলা- উত্তর ২৪ পরগণা, ৫) ফিরোজা খাতুন, পিতা- মৃত মাতব্বর গাজী, স্বামী- খতিব আলি, সাং- সানবেড়িয়া, পোষ্ট- মুদিয়া, থানা- বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগণা, ৬) মাজিদা বিবি, পিতা- মৃত মাতব্বর গাজী, স্বামী- মিরাজ মোল্লা, সাং- বীরপুর, পোষ্ট- রোহন্ডা, থানা- বারাসাত, জেলা- উত্তর ২৪ পরগণা, ৭) মাফুজা খাতুন, পিতা- মৃত মাতব্বর গাজী, স্বামী- এনামুল সাহাজী, সাং- পাইকান, পোষ্ট- পাইকান, থানা- কে. এল. সি., জেলা- দক্ষিণ ২৪ পরগণা, সকলে জাতিতে- মুসলিম (ভারতীয় নাগরিক), পেশা- ১, ৫, ৬, ও ৭ নং গৃহস্থালী, ২ হইতে ৪ নং চাষাদী ।

কস্য সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্থায় স্থাবর সম্পত্তির সাফ্ বিক্রয় কোবালা পত্র মিদং কার্য্যাঞ্চাগে :-

জেলা উত্তর ২৪ পরগনা থানা রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট সাব-রেজিস্ট্রী অফিস বিধাননগর সল্টলেক সিটি এলাকাধিন কলিকাতা পরগনাস্থিত এবং চাঁদপুর গ্রাম-পঞ্চায়েতের অন্তর্গত মৌজা- চাঁদপুর চাঁপাগাছি গ্রামে হাল ১০ নং তৌজি ভুক্ত হাল মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগনার কালেক্টর বাহাদুর অধিকারে রায়ত স্বত্বীয় খাজনার যোগ্য জমিজমার মধ্যে বর্তমান এল. আর. জরিপে আমরা অত্র দলিলস্থ বিক্রেতাগণ আমাদের পূর্ব্বাধিকারী অর্থাৎ ১ নং বিক্রেতা আমার স্বামী এবং ২ হইতে ৭ নং বিক্রেতা আমাদের পিতা মাতব্বর গাজীর নাম বরাবরে রেকর্ডীয় ১৪৫৩ নং খতিয়ান ভুক্ত একবন্দে আর. এস. হাল ১৩৩৩ নং দাগস্থিত শালি ৫৬ শতক জমির মধ্যে উক্ত খতিয়ানে তাহার নাম বরাবরে রেকর্ডীয় ০৮৯৩ রকমাংশে ০৫ শতক

Seal of the Additional District Sub Registrar
Bidhannagar, North 24 Pgs.

Addl. District Sub-Registrar
Bidhannagar, Salt Lake City

4 AUG 2017

For Saltee Buildcon Pvt. Ltd.
Awadh Agarwal
Director



জমি যাহা উক্ত মাতব্বর গাজীর নিজ নামে রেকর্ডীয় খাস স্বত্ব দখলীয় সম্পত্তি থাকে এবং ঐ এলাকাধিন উক্ত মৌজা চাঁদপুর চাঁপাগাছি গ্রামে ঐ তৌজি ভুক্ত ঐ মালিক ঐ অধিকারে রায়ত দখলী স্বত্ব বিশিষ্ট খাজনার যোগ্য জমিজমার মধ্যে বর্তমান এল. আর. জরিপে বায়া বাহার আলি গাজীর নাম বরাবরে রেকর্ডীয় ১২৪৩ নং খতিয়ান ভুক্ত একবন্দে উক্ত আর. এস. হাল ১৩৩৩ নং দাগস্থিত শালি ৫৬ শতক জমির মধ্যে ০৫ শতক জমি যাহা উক্ত মাতব্বর গাজী এবং তাহার অপর এক ভ্রাতা দিদার বক্স গাজী একত্রে বিগত ইংরাজী ২৪/০৩/১৯৯২ তারিখে বিধান নগর সাব-রেজিষ্ট্রী অফিসে রেজিষ্ট্রীকৃত ১ নং বহির ৬১ নং ভ্যলুমের ৫৯ হইতে ৬৪ নং পাতায় নকলকৃত ৩০৩২ নং এককেতা সাফ বিক্রয় কোবালা দলিল মূলে উহাদের ভ্রাতা পূর্ব্বোক্ত বাহার আলি গাজীর নিকট হইতে খরিদ করেন, খরিদ সূত্রে উক্ত ০৫ শতক জমির ১/২ রকমাংশে ০২.৫০ শতক জমি উক্ত মাতব্বর গাজী প্রাপ্ত হয়েন । সেমতে উক্ত আর. এস. হাল ১৩৩৩ নং দাগস্থিত শালি ৫৬ শতক জমির মধ্যে নিজ নামে রেকর্ডীয় এবং খরিদ সূত্রে মোট ০৭.৫০ শতক জমি উক্ত মাতব্বর গাজী প্রাপ্ত হইয়া মালিক সরকারে করাদী আদায়ে খাসে ভোগবান ও মালিক দখলিকার থাকাবস্থায় আমি অত্র দলিলের ১ নং বিক্রেতা আমাকে স্ত্রী বিধায় ও আমরা অত্র দলিলের ২ হইতে ৪ নং বিক্রেতা আমাদিগকে পুত্র বিধায় এবং আমরা অত্র দলিলের ৫ হইতে ৭ নং বিক্রেতা আমাদিগকে কন্যা বিধায় ওয়ারেশ উত্তরাধিকারী রাখিয়া এন্তেকাল করিলে পর তৎপরিত্যাক্ত উক্ত ০৭.৫০ শতক জমি আমরা অত্র দলিলস্থ বিক্রেতাগণ মহম্মদীয় ফারায়েজ মোতাবেক স্বামীর ওয়ারেশ সূত্রে এবং পৈত্রিক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত হইয়া এযাবৎকাল মালিক সরকারে করাদী আদায়ে এজমালে খাসে ভোগদখলের দ্বারা ভোগবতী, ভোগবান ও মালিক দখলিকারিণী ও দখলিকার নিযুক্তা ও নিযুক্ত আছি এবং যাহা আমাদের একত্রে বিক্রয় করিবার উত্তম নিব্যূঢ় স্বত্বাধিকার বর্তমান আছে ।

Kolkata

Seal of the Additional District Sub Registrar
Bidhannagar, North 24 Pgs.

Addl District Sub-Registrar
Bidhan Nagar (Salt Lake City)

- 4 AUG 2011

For Saltee Buildcon Pvt. Ltd
Awadh Agarwal
Director



এক্ষনে আমাদের নানাপ্রকার বৈধ ও সঙ্গত কারনে নগদ টাকার বিশেষ আবশ্যক হওয়ায় উক্ত ও নিম্ন তপশীলে বিশেষভাবে বর্নিত উক্ত আর. এস. হাল ১৩৩৩ নং দাগস্থিত শালি ৫৬ শতক জমির মধ্যে উপর উল্লেখিত প্রকারে আমাদের সকলের একত্রে মহম্মদীয় ফারায়েজ মোতাবেক স্বামীর ওয়ারেশ সূত্রে এবং পৈত্রিক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত জমি যাহা অত্র দলিল সংলগ্ন নক্সায় লাল রেখা সীমাবদ্ধ রুপে চিহ্নীত ও প্রদর্শিত মাপসুরত ০৭.৫০ সাত শতক পঁঞ্চাশ শতকাংশ জমি যাহা স্থানীয় বাংলা মাপে ৪-৮-২৭ চার কাঠা আট ছটাক সাতাশ বর্গফুট জমি মায় যাবতীয় ইজমেন্ট রাইট স্বত্বাদী মায় আকর আওলাতাদি সহ দরবস্ত হক হকুক সম্পত্তি বর্তমান বাজারদর সর্ব্বোচ্চ মূল্য বেলমোক্তা মং ১১,৩৬,৩৬৩/- এগার লক্ষ ছত্রিশ হাজার তিন শত তেষট্টি টাকা পনে উক্ত কোম্পানিকে অত্র সাফ্ কোবালায় বিক্রয় করিয়া এককালিন চির নিঃস্বত্বা ও নিঃস্বত্ব হইলাম এবং অদ্য হইতে বিক্রীত জমিতে সম্পূর্ণরূপে খোলসা খাস দখল দিয়া দিলাম । উক্ত ও নিম্ন তপশীল বর্নিত জমিতে আমাদের যাহা কিছু স্বত্ব, স্বামীত্ব, সংশ্রব, লভ্য, হক, হকিয়ত, দাবী দাওয়া ছিল বা আছে তৎসমস্ত অদ্যকার তারিখে আমাদের হইতে সম্পূর্ণরূপে রদ ও রহিত হইয়া এই কোবালা দলিলের বলে উক্ত কোম্পানীতে বর্ত্তিল । উক্ত কোম্পানীর স্থলাভিষিক্ত ব্যক্তি অদ্য হইতে আমাদের যাবতীয় স্বত্বে স্বত্ববান, ভোগবান, দখলে দখলিকার ও হকে হকদার হইয়া মালিক সরকারে উক্ত কোম্পানীর নাম পত্তনে করাদী আদায়ে এবং নিম্ন তপশীল বর্নিত জমিজমা কোম্পানীর পক্ষে দান, বিক্রয় ও যাবতীয় প্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে যদৃচ্ছা ব্যবহারে পরম সুখে ভোগদখল করিতে থাকুন । তাহাতে আমাদের কিংবা আমাদের পুত্র পৌত্রাদী ওয়ারিশান ও স্থলাভিষিক্ত ব্যক্তিগন ক্রমের কাহারও কোনরূপ দাবী দাওয়া বা ওজরাপত্তি গ্রাহ্য হইবে না । যদি কেহ কোনরূপ দাবী দাওয়া বা ওজরাপত্তি করে বা করি তাহা হইলে তাহা অত্র বিক্রয় কোবালা দলিলের বলে সর্ব্বত্র, সর্ব্বাদালতে, সর্ব্বোতভাবে বাতিল ও অগ্রাহ্য হইয়া যাইবে ।

Seal of the Additional District Sub Registrar
* Bidhannagar, North 24 Pgs. *

Addl District Sub-Registrar
Bidhan Nagar (Salt Lake City

4 AUG 2017

For Saltee Buildcon Pvt. Ltd.
Director



উক্ত ও নিম্ন তপশীল বর্ণিত জমি সম্পূর্ণ নির্দ্দায়, নির্দ্দোষ ও মুক্তাবস্থায় আমাদের নিজ নিজ খাস দখলে আছে এবং তদাবস্থাতেই অত্র কোম্পানীর নিকট অত্র সাফ্ কোবালায় বিক্রয় করিলাম ।

যদি আমাদের স্বত্ব দখলের দোষে বা কৃত কার্য্যের দোষে বা প্রকৃত অবস্থা গোপন করার জন্য অত্র কোম্পানীর খরিদা স্বত্ব দখলের কোনরূপ ক্ষতি বা বিঘ্ন হয় বা করে তাহা হইলে আমরা মায় ওয়ারিশান গনক্রমে সেই সমস্ত ক্ষতি পূরণ করিতে বাধ্য রহিলাম ।

অত্র দলিলে লেখার কোন ভুল বা ছাড় প্রকাশ পাইয়া তর্জ্জন্য যদি ভ্রম সংশোধন বা পোষক দলিল করিবার প্রয়োজন হয় তাহা হইলে অত্র দলিলের ক্রেতার খরচায় বিনা পনে, বিনা ওজরে, যথা সময়ে ভ্রম সংশোধন দলিল রেজিষ্ট্রী করিয়া দিতে বাধ্য রহিলাম ।

এতদর্থে আমরা সুস্থ শরীরে, সরল অন্তঃকরনে, অন্যের বিনানুরোধে ও বিনা প্ররোচনায়, স্বেচ্ছায়, স্বজ্ঞানে অত্র দলিলের মর্ম্ম সাম্যক অবগত হইয়া ও পনের সমগ্র টাকা নিম্ন জায় মোতাবেক এককালিন বুঝিয়া পাইয়া অত্র স্বত্বত্যাগী সাফ্ বিক্রয় কোবালা দলিলে সহি সম্পাদন করিয়া দিলাম । ইতি সন বাংলা ১৪১৮ সালের ১৮ ই শ্রাবন ইংরাজী- ৪/৮/২০১১ সাল ।

## -: : তপশীল বিক্রীত সম্পত্তির পরিচয় : :-

জেলা উত্তর ২৪ পরগনা থানা রাজারহাট ও এ্যাডিসন্যাল ডিস্ট্রিক্ট সাব-রেজিষ্ট্রী অফিস বিধাননগর সল্টলেক সিটি এলাকাধিন কলিকাতা পরগনাস্থিত এবং চাঁদপুর গ্রাম পঞ্চায়েতের অন্তর্গত মৌজা- চাঁদপুর চাঁপাগাছি গ্রামে জেঃ এলঃ নং- ৪৮, রেঃ সাঃ নং- ১৪৫, হাল ১০ নং তৌজি ভুক্ত হাল মালিক মহামান্য পশ্চিমবঙ্গ রাজ্য সরকার পক্ষে জেলা উত্তর ২৪ পরগনা কালেক্টর বাহাদুর অধিকারে রায়ত স্বত্বীয় খাজনার যোগ্য জমিজমার মধ্যে বর্তমান এল. আর. জরিপে আমরা অত্র দলিলস্থ বিক্রেতাগণ

Seal of the Additional District Sub Registrar * Bidhannagar, North 24 Pgs. *

Addl. District Sub-Registrar
Bidhan Nagar (Salt Lake City)

- 4 AUG 2011

For Saltee Buildcon Pvt. Ltd.
Director



আমাদের পূর্ব্বাধিকারী অর্থাৎ ১ নং বিক্রেতা আমার স্বামী এবং ২ হইতে ৭ নং বিক্রেতা আমাদের পিতা অধুনা মৃত মাতব্বর গাজীর নাম বরাবরে রেকর্ডীয় ১৪৫৩ নং খতিয়ান ভুক্ত এবং পূর্ব্বোক্ত বাহার আলি গাজীর নাম বরাবরে রেকর্ডীয় ১২৪৩ নং খতিয়ান ভুক্ত একবন্দে - - -

আর. এস. হাল ১৩৩৩ তের শত তেত্রিশ নং দাগস্থিত শালি ৫৬ শতক জমির মধ্যে উপর উল্লেখিত প্রকারে পূর্ব্বোক্ত মাতব্বর গাজীর ত্যাক্ত জমি যাহা আমাদের সকলের একত্রে মহম্মদীয় ফারায়েজ মোতাবেক স্বামীর ওয়ারেশ সূত্রে এবং পৈত্রিক ওয়ারেশ সূত্রে প্রাপ্ত জমি যাহা অত্র দলিল সংলগ্ন নক্সায় লাল রেখা সীমাবদ্ধ রুপে চিহ্নীত ও প্রদর্শিত মাপসুরত ০৭.৫০ সাত শতক পঁঞ্চাশ শতকাংশ জমি যাহা স্থানীয় বাংলা মাপে ৪-৮-২৭ চার কাঠা আট ছটাক সাতাশ বর্গফুট জমি মায় যাবতীয় ইজমেন্ট রাইট স্বত্বাদী মায় আকর আওলাতাদি সহ দরবস্ত হক হকুক সম্পত্তি অত্র স্বত্বত্যাগী সাফ বিক্রয় কোবালা দলিল ভুক্ত হইল । বিক্রীত জমির হারাহারী খাজনা পশ্চিমবঙ্গ ল্যান্ড হোল্ডিং রেভিনিউ আইন মতে ধার্য্য হইবে ।

অত্র দলিল সংলগ্ন নক্সাখানি অত্র দলিলের একাংশ বলিয়া সর্ব্বত্র গন্য ও কার্য্যকারী হইবে ।

## -: : বিক্রীত জমির চৌহদ্দী : :-

উত্তরে ঃ- অত্র. আর. এস. হাল ১৩৩৩ নং দাগের অংশ এবং
আর. এস. হাল ১৩৩২ নং দাগের জমি ।

দক্ষিনে ঃ- অত্র আর. এস. হাল ১৩৩৩ নং দাগের অংশ ।

পূর্ব্বে ঃ- অত্র আর. এস. হাল ১৩৩৩ নং দাগের অংশ ।

পশ্চিমে ঃ- আর. এস. হাল ১৩৩৪ এবং ১৩৩২ নং দাগের জমি ।